

Total page -02

KNU/22/BAHBNGC402

**UG 4th Semester Examination 2022****Award: B. A. Honours****Discipline: BENGALI****Course Type: CC-9 (Hons)****Course Code: BAHBNGC402****Course Name: Bish Shataker Natak****Time: 2 Hours****Full Marks: 40**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

১৫

ক) 'অচলায়তন' নাটকটি প্রকাশকালে কাকে উৎসর্গ করেছিলেন রবীন্দ্রনাথ?

খ) অচলায়তনে কে উত্তর দিকের জানালা খুলেছিল?

গ) 'ওকে অচলায়তনের ভূতে পেয়েছে'—কে কাকে বলেছে?

ঘ) অচলায়তনিকদের কোন কোন শস্যের চাষ পাপকর্ম বলে বিবেচিত হতো?

ঙ) প্রসন্নর দলে কোন শিল্পী ক্ল্যারিওনেট বাজাতো?

চ) 'মাথা নিচু করলে বড়ো লাগে। চাঁদ সদাগর কিনা মাথা নিচু করেনি?'—বক্তা কে?

ছ) 'ও তোমার মা, নইলে মেরে হাড় গুঁড়িয়ে দিতুম না?'—কে কাকে বলেছে?

জ) প্রসন্নর হরিসাধনকে কী নামে ডাকতো?

২। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

২৫

ক) 'অচলায়তন' নাটকটি কোন পত্রিকায় প্রথম কবে প্রকাশিত হয়? গ্রন্থাকারে এর প্রকাশকাল উল্লেখ করো।

খ) অচলায়তনে ফাল্গুনী নক্ষত্রে ছাত্রদের কী খুঁজতে যেতে হতো এবং কেন?

গ) 'অচলায়তন' নাটকটির শেষ সংলাপটি কী? কে এই শেষ কথাটি বলেছে?

ঘ) 'আদেশ করব—তোমাকে? সে আর আমার দ্বারা হয়ে উঠবে না'—কে কাকে কোন প্রসঙ্গে একথা বলেছে?

ঙ) 'সব পুরুষই তো অন্তরের একাংশে নারী, যেমন সব নারীই অন্তরের একাংশে পুরুষ'—কোন প্রসঙ্গে কে কাকে এই কথা বলেছে?

চ) 'সমন টুকরো টুকরো হয়ে ছিড়ে যাচ্ছে তবু নতুন দেবতা খুঁজে পাই নে'—বক্তা কে? প্রসঙ্গটি কী?

ছ) 'কালকের ওই রক্তাসুর ছেলেটা যদি আমাদের ঘরে খায় তো বেশ হয়'।- বক্তা কে? 'রক্তাসুর ছেলেটা' কে?

জ) 'আমি থাকবো না, তাতে কী? মানুষ থাকবে'।- কে কোন প্রসঙ্গে কাকে একথা বলেছে?

৩। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

৫X৩

ক) 'তোমার জয় জয়কার হবে সুভদ্র তিনশো পঁয়তাল্লিশ বছরের আগল তুমি ঘুটিয়েছ'—উক্তিটি কার? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

খ) 'মানুষের মন মস্তের চেয়ে সত্য, হাজার বছরের অতি প্রাচীন আচারের চেয়ে সত্য'।- কার উদ্দেশে কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও এই মন্তব্যের কারণ কী?

গ) 'তুচ্ছ মানুষের প্রাণ আজ আছে কাল নেই, কিন্তু সনাতন ধর্মবিধি তো চিরকালের'।- বক্তা কে? প্রসঙ্গটি কী? এতে বক্তার চরিত্রের যে পরিচয় পাওয়া যায় তা লেখো।

ঘ) প্রসন্ন-সতীর দাম্পত্য জীবনের করুণ-মধুর চিত্রটি সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

ঙ) 'সওদাগরের নৌকা' নাটকে কালো চরিত্রটির অন্তর্দৃষ্টির পরিচয় দাও।

৪। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১০X১

ক) রূপক-প্রতীক নাটক হিসেবে 'অচলায়তন' নাটকটি কতটা গ্রহণযোগ্য আলোচনা করো।

খ) 'অচলায়তন' নাটকে গুরু-গৌসাই-দাদাঠাকুর চরিত্রের স্বরূপ বিচার করো।

গ) 'সেই আদিমতম পরমতম ঘর ছাড়ার ডাক' সওদাগর, নৌকা ভাসাও—এখানে হারলেও জিত, জিতলেও জিত'।- এই উক্তির আলোকে প্রসন্ন চরিত্রটির শিল্পীসত্তার পরিচয় দাও।

<https://www.knuonline.com>

Whatsapp @ 9300930012

Send your old paper & get 10/-

अपने पुराने पेपर्स भेजे और 10 रुपये पायें,

Paytm or Google Pay से

<https://www.knuonline.com>